

স্মারক নং : বশেমুরক্বি/প্রশা:/ব্য:-৭৯০/২০১৬/১৩৯৯

তারিখ- ২৯.৯.২০১৬

প্রেরক : রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়  
গাজীপুর-১৭০৬।

প্রাপক : জনাব মো. দীন ইসলাম

সহকারী অধ্যাপক

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

বশেমুরক্বি, গাজীপুর-১৭০৬।

মোবাইল: ০১৯৩৩-৬৮৯৮৫৭


ই-মেইল: dhinislam@bsmrau.edu.bd

বিষয় : শিক্ষা ছুটি মঞ্জুর প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে আপনার ০৪/০৮/২০১৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুর সংক্রান্ত কমিটির ৫৫ তম সভার সিদ্ধান্ত মোতাবেক আপনাকে Commonwealth Scholarship Commission in the UK -এর অর্থায়নে University of Aberdeen, UK-তে মৃত্তিকা বিজ্ঞান বিষয়ে “Effects of Soil Physical Conditions and Alternate Wetting and Drying on the Performance of Rice” শিরোনামে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য ০১/১০/২০১৬ হইতে ৩০/০৯/২০২২ তারিখ পর্যন্ত মোট ৩ বছর পূর্ণ বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: যুক্তরাজ্য গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/বশেমুরক্বি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

শর্তাবলী :

- আপনি PhD প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
- এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার Commonwealth Scholarship Commission in the UK বহন করিবেন। ইহাতে বাংলাদেশ সরকার/ বশেমুরক্বি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবে না।
- আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
- আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, বশেমুরক্বি অনুকূলে প্রেরণ করিবেন।
- শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, বশেমুরক্বি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার পিএইচডি সনদ, অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি বশেমুরক্বি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
- শিক্ষা ছুটি চলাকালে আপনি যদি এমএস/পিএইচডি গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
- ডিগ্রী সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ৬ বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
- আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষটি আপনার বিভাগীয় প্রধানের নিকট বুঝাইয়া দিবেন।

  
২৯.০৯.২০১৬

(মো. সিরাজুল ইসলাম তালুকদার)

রেজিস্ট্রার

ফোন-৯২০৫৩২৩

ই-মেইল: registrar@bsmrau.edu.bd

তারিখ-

স্মারক নং : বশেমুরক্বি/প্রশা:/ব্য:-৭৯০/২০১৬/

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ট্রেজারার, বশেমুরক্বি।
- ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন) অনুসদ, বশেমুরক্বি।
- মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- বিভাগীয় প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বশেমুরক্বি।
- উপ-রেজিস্ট্রার, ভাইস-চ্যান্সেলর দপ্তর, বশেমুরক্বি।
- উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বশেমুরক্বি।
- কম্পিউটার প্রোগ্রামার, বশেমুরক্বি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
- সংশ্লিষ্ট নথিসমূহ/ ব্যক্তিগত নথি।

(নাসের সালেহ চৌধুরী)

উপ-রেজিস্ট্রার